



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## সিলেট

স্মারক নং সাস্ট/ পি আর/০৩

তারিখ: ২১ সেপ্টেম্বর, ২০১৭

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ২১ সেপ্টেম্বর, ২০১৭ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের কাছে পূবালী ব্যাংক লি. এর এক প্রতিনিধি দল কর্তৃক গবেষণা খাতে ব্যয়ের জন্য চেক হস্তান্তর করা হয়।

বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন-২ এর সভাকক্ষে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের কাছে পূবালী ব্যাংকের ম্যানেজিং ডাইরেক্টর ও সিইও আব্দুল হালিম চৌধুরী গবেষণা অনুদানের ২৫ লক্ষ টাকার চেক হস্তান্তর করেন। সাস্ট রিসার্চ সেন্টারের পরিচালক প্রফেসর ড. মো. জাকির হোসেনের সভাপতিত্বে বাৎসরিক চেক হস্তান্তর অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, হিসাব পরিচালক এবং পূবালী ব্যাংকের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

তাছাড়া এ বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রীহলের ওয়াইফাই ব্যবস্থার উন্নয়নের জন্য পূবালী ব্যাংকের পক্ষ থেকে আরো ২ লক্ষ টাকার চেক হস্তান্তর করা হয়।

ভাইস চ্যান্সেলর মহোদয় পূবালী ব্যাংকের এই গবেষণা সহায়তা অনুদানের জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে তাদের সহযোগিতা অব্যাহত রাখার আহবান জানান।

মুহাম্মদ ইশফাকুল হোসেন

রেজিস্ট্রার